

বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটিতে শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত



সংগৃহীত ছবি

অনলাইন ডেস্ক

প্রকাশ: ০৫ মে ২০২৫ | ১৮:৪৯



মেরিটাইম সংশ্লিষ্ট দেশের বিশেষায়িত পাবলিক বিশ্ববিদ্যালয় বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটিতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে।

ওরিয়েন্টেশন অনুষ্ঠানটি রোববার মিরপুর-১৪ তে অবস্থিত বিএন কলেজের শহীদ মোয়াজ্জেম হলে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রোগ্রামের নবীন শিক্ষার্থীদের আনুষ্ঠানিকভাবে বরণ করে নেওয়া হয়।

নবীন বরণ করা ব্যাচগুলো হলো- বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি- ৯ম ব্যাচ, বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং- ৮ম ব্যাচ, বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিক্স- ৭ম ব্যাচ, এলএলবি ইন মেরিটাইম ল'- ৭ম ব্যাচ, বিএসসি ইন ফিশারিজ- ৬ষ্ঠ ব্যাচ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার অ্যাডমিরাল আশরাফুল হক চৌধুরী, এনবিপি, ওএসপি, বিসিজিএম, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি।

স্বাগত বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কমডোর মোহাম্মদ এহসান উল্লাহ খান।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ট্রেজারার, রেজিস্ট্রার, অনুষদ প্রধান, একাডেমিক উপদেষ্টা, সিনিয়র অধ্যাপক, অনুষদ সদস্য, বিভিন্ন দপ্তরের পরিচালক, কর্মকর্তা-কর্মচারী এবং নবীন শিক্ষার্থীদের অভিভাবকবৃন্দ।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কালচারাল ক্লাব জাতীয় সংগীত পরিবেশন করে এবং একটি ভিডিও ডকুমেন্টারির মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম তুলে ধরা হয়। এছাড়াও নিয়ম-শৃঙ্খলা, নিরাপত্তা ব্যবস্থা, পরীক্ষা পরিচালনা, আর্থিক নীতিমালা, শিক্ষা বিষয়ক সফটওয়্যার ব্যবহার এবং অনলাইন লাইব্রেরি ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে শিক্ষার্থীদের দিকনির্দেশনা দেওয়া হয়। সংবাদ বিজ্ঞপ্তি